ময়মনসিংহের ত্রিশালের পান দোকানদারের ছেলে এমবিবিএস ভর্তি পরীক্ষায় ৩০তম

২০২০-২১ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষায় জাতীয় মেধা তালিকায় ৩০তম স্থান অর্জন করে ত্রিশালের দরিরামপুর বাজারের পান দোকানদার কাজলের ছেলে মেহেদী হাসান পিয়াল। পিয়াল হতদরিদ্র পান দোকানদার আব্দুল কাদের কাজল ও মিনারা বেগমের সন্তান। দরিদ্রতা কখনও মেধাকে আটকাতে পারে না তার উজ্জল দৃষ্টান্তর হল পিয়াল।
ত্রিশালের সুনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান শুকতারা বিদ্যানিকেতন থেকে এসএসসি এবং সরকারি আনন্দ মোহন কলেজ থেকে এইচএসসি পাশ করে ।জাতীয় মেধায় ৩০ তম এবং তার জন্য নির্ধারিত কলেজ পড়েছে ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা।বিষয়টির সত্যতা জানিয়ে শুকতারা বিদ্যানিকেতনের প্রধানশিক্ষক মোঃ কামাল হোসেন আকন্দ বলেন, পিয়াল ছোট বেলা থেকেই মেধাবী।সে পিএসসি,জেএসসি ও এসএসসি পরীক্ষায় গোল্ডেন এ প্লাস পেয়ে সাফল্যের সহিত উর্ত্তীণ হয়েছে। পিয়ালের বাবা পান দোকানদার আব্দুল কাদের কাজল বলেন, আল্লাহর অশেষ রহমতে ত্রিশালবাসী দোয়া ও শিক্ষকদের কঠোর পরিশ্রমে আমাদের সন্তান ভাল ফলাফল করতে সর্মথ হয় এই জন্যে আমরা সকলের কাছে কৃতজ্ঞা। শুকতারা বিদ্যানিকেতনের সিনিয়ার শিক্ষক ও বাংলাদেশ সাংবাদিক সমিতির ত্রিশাল শাখার সাধারণ সম্পাদক আতিকুল ইসলাম আতিক বলেন, পিয়াল খুবই পরিশ্রমি ছেলে আমি খুবই গর্ববোধ করছি ও দেশবাসীর নিকট জন্য দোয়া চাইছি।এই সময় আরও উপস্থিত ছিলেন শুকতারা বিদ্যানিকেতনের সিনিয়ার শিক্ষক শহিদুল রহমান, লুৎফর রহমান রতন, তাজউদ্দিন আহমেদ, সিদ্ধিকুর রহমান, সদ্য শেরে বাংলা মেডিকেল কলেজে চান্স পাওয়া হামিদুল রহমান শাউন। পরে উপস্থিত সকলকে মিষ্টি বিতরন করা হয়।

এ কেমন বাতাস আইল সারা বছরের খাওন কেড়ে নিল’

‘এ কেমন বাতাস আইল সারা বছরের খাওনসহ সব কিছু কেড়ে নিল।’

বোরো জমিতে এমন ক্ষতি হয়েছে খবর শুনে বুধবার নিজ জমিতে গিয়ে এভাবেই কথাগুলো বললেন মদন উপজেলার সাইতপুর গ্রামের ফুলচান মিয়ার স্ত্রী রাজিয়া আক্তার, হাতিমের স্ত্রী শিখা আক্তার এবং আলাল উদ্দিনের স্ত্রী জুবেদা আক্তার।

গত কয়েক দিন আগেও যেখানে ছিল ঘন সবুজের সমারোহ, এখন সেখানে সাদা ধূসর রঙের আভা। এক রাতের তপ্ত হাওয়া যেন হাওরের চিরচেনা রূপটিই বদলে দিয়েছে। চুরমার করে ভেঙে দিয়েছে মদন উপজেলার হাজারও কৃষকের স্বপ্ন। শুকিয়ে চিটায় পরিণত হয়েছে রাশি রাশি ধান। আর এ কারণে কান্নার রোল পড়ে গেছে হাওরপাড়ের প্রতিটি কৃষক পরিবারে।

মঙ্গলবার ধান গবেষণা ইনস্টিটিউটের একটি প্রতিনিধিদল মদন উপজেলার ক্ষতিগ্রস্ত হাওরাঞ্চল পরিদর্শন করে ক্ষতির প্রকৃত কারণ অনুসন্ধান করেছেন।

দলটির প্রধান ‘ধান গবেষণা ইনস্টিটিউট’-এর প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার ড. মোহাম্মদ নাজমুল বারী হাওর পরিদর্শন শেষে বলেছেন, এটি এক ধরনের হিট শক। যেসব জমির ধান সবেমাত্র বের হচ্ছিল (ফ্লাওয়ারিং স্টেজ) অথবা ধানে চাল গজাচ্ছিল (মিল্কিং স্টেজ)- সেসব জমিই ক্ষতিগ্রস্ত হয়েছে। গত রোববার রাতে বয়ে যাওয়া তপ্ত বাতাসের কারণে এমন অবস্থার সৃষ্টি হয়।

মদন উপজেলায় চলতি বোরো মৌসুমে পৌরসভাসহ উপজেলার আট ইউনিয়নে এবার ১৭ হাজার ৩৪০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়েছে। এর মধ্যে পাঁচ হাজার ৯৫৮ হেক্টর জমিও ক্ষতি হয়েছে। আট হাজার ৮৫০ জন ক্ষতিগ্রস্ত হয়েছেন।

কৃষক গোবিন্দশী গ্রামের রমজান মিয়া বলেন, আমি ধার-দেনা কীভাবে শোধ করব? আমার সংসার চলবে কী করে? আর কিছু দিন সময় পেলেই ধানগাছগুলো কাটতে পারতাম।

জেলার হাওর অধ্যুষিত মদন উপজেলায় গত তিন বছর আগে বন্যায় ফসলের

ব্যাপক ক্ষতি হয়। সেই ক্ষতি পুষিয়ে উঠতে না উঠতেই আকস্মিক ঝড়ে বোরো ধান নষ্ট হয়ে যাওয়ায় হাওরাঞ্চলের কৃষকের মাথায় যেন আকাশ ভেঙে পড়েছে।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ হাবিবুর রহমান জানিয়েছেন, ব্রি-ধান ২৯ এবং হাইব্রিড জাতের ধান ক্ষেতই বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে ব্রি-ধান ২৮ মোটামুটি পেকে আসায় সেগুলোতে তেমন একটি ক্ষতি হয়নি।

এদিকে সমাজকল্যাণ প্রতিমন্ত্রী মো. আশরাফ আলী খান খসরু এমপি মঙ্গলবার বিকালে মদন উপজেলার মাঘান ও গোবিন্দশ্রী ইউনিয়নের ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেছেন।

মদন উপজেলা নির্বাহী অফিসার বুলবুল আহমেদ জানান, হাওরে ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা তৈরি করা হয়েছে। তবে যারা একেবারে নিঃস্ব তাদের আলাদা তালিকা প্রস্তুত করে প্রণোদনা দেওয়ার জন্য ঊধ্বর্তন কর্তৃপক্ষের কাছে পাঠানো হবে।

প্রেমিকসহ করোনাভাইরাসে আক্রান্ত ক্যাটরিনা

বলিউড তারকা ক্যাটরিনা কাইফ ও তার প্রেমিক ভিকি কুশল করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন।

মঙ্গলবার ইনস্টাগ্রাম স্টোরিতে ক্যাটরিনা নিজেই কোভিডে আক্রান্ত হওয়ার খবর জানিয়েছেন।

তিনি লিখেছেন, ‘আমার করোনা পরীক্ষার ফল পজিটিভ এসেছে। তৎক্ষণাৎ নিজেকে সবার থেকে আলাদা করে নিয়েছি এবং বাড়িতেই কোয়ারেন্টিনে আছি। চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী সব রকম সাবধানতা এবং নিয়ম মেনে চলছি।’

সোমবার ভিকি কুশল নিজের ইনস্টাগ্রাম হ্যান্ডেলে করোনায় আক্রান্ত হওয়ার খবর জানিয়ে বলেন, তিনি চিকিৎসকের পরামর্শ মেনে

কোয়ারেন্টিনে রয়েছেন।

বলিউডে গুঞ্জন, দীর্ঘদিন ধরে ভিকি কুশলের সঙ্গে প্রেম করছেন ক্যাটরিনা।

এদিন করোনায় আক্রান্ত হওয়ার খবর জানিয়েছেন চিত্রনায়িকা ভূমি পেড়নেকারসহ বেশ কয়েক জন তারকা।

গত ৪ এপ্রিল বলিউড সুপারস্টার অক্ষয় কুমার করোনায় আক্রান্ত হন।

তিন দিন আগে আলিয়া ভাটের করোনায় আক্রান্ত হওয়ার খবর পাওয়া যায়। এ ছাড়া কার্তিক আরিয়ান, আমির খান, মিলিন্দ সোমান, গোবিন্দের মতো তারকারা সম্প্রতি করোনায় আক্রান্ত হয়েছেন।

সব রেকর্ড ভেঙে ভারতে একদিনে ১ লাখ ১৫ হাজার করোনা আক্রান্ত

কোভিড ১৯-এ বিপর্যস্ত ভারত। মহামারির চলমান দ্বিতীয় ঢেউয়ে রোজ শয়ে শয়ে মানুষের মৃত্যু হচ্ছে দেশটিতে। আক্রান্ত হচ্ছেন অসংখ্য মানুষ। গত ২৪ ঘণ্টায় দক্ষিণ এশিয়ার দেশটিতে এক লাখ ১৫ হাজার ২৪৯ জন আক্রান্ত হয়েছেন। এক বছরেরও বেশি সময় ধরে চলমান মহামারিতে দেশটিতে দৈনিক সংক্রমণের এটিই সবচেয়ে বড় পরিসংখ্যান। ভারতের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাতে টাইমস অব ইন্ডিয়ার খবরে এ তথ্য জানানো হয়েছে।

এর আগে রোববার দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয় একদিনে সর্বোচ্চ এক লাখ তিন হাজার ৮৪৪ জন আক্রান্তের খবর দেয়। বুধবারের পরিসংখ্যান সেই রেকর্ডও ছাড়িয়ে গেছে।

এদিকে ওয়ার্ল্ডওমিটারসের বুধবার সকালের পরিসংখ্যান অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় দেশটিতে এক লাখ ১৫ হাজারের বেশি শনাক্ত হয়েছে। মারা গেছেন ৬৩১ জন।

এ নিয়ে বিশ্বের দ্বিতীয় জনবহুল দেশটিতে করোনার মোট সংক্রমণ

প্রায় এক কোটি ২৮ লাখে দাঁড়িয়েছে। এখন পর্যন্ত মারা গেছেন এক লাখ ৬৬ হাজার ২০৮ জন।

গত ২৪ ঘণ্টায় ১২ লাখ আট হাজার ৩২৯ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। এ নিয়ে ২৫ কোটি ১৪ লাখ ৪০ হাজার মানুষের নমুনা পরীক্ষা করা হলো।

টাইমস অব ইন্ডিয়া বলছে, ২৪ ঘণ্টায় ৬৩০ জনের মৃত্যু হয়েছে, যা গত চার মাসে সর্বোচ্চ মৃত্যুর রেকর্ড। ৫ নভেম্বর এত বেশি মানুষের মৃত্যু হয়েছিল।

ভারতে করোনার দ্বিতীয় ঢেউ ইতোমধ্যে প্রথম ঢেউকে ছাড়িয়ে গেছে। গত সোমবার দেশটিতে প্রথমবারের মতো দৈনিক এক লাখ সংক্রমণের খবর আসে।

এদিকে সংক্রমণের দ্বিতীয় ঢেউ আগামী চার সপ্তাহে ভয়াবহ আকার ধারণ করতে পারে বলে পূর্বাভাস দিয়েছে কেন্দ্রীয় সরকার।

কানাডায় নতুন করে করোনার প্রকোপ বৃদ্ধি

কানাডায় আবারও হঠাৎ করে করোনার প্রকোপ বৃদ্ধি পেয়েছে। সর্বশেষ তথ্যানুযায়ী দেশটিতে করোনায় আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা ২৩ হাজার ১৪১ জনে দাঁড়িয়েছে।

কানাডার প্রধান চারটি প্রদেশ ব্রিটিশ কলম্বিয়া, অন্টারিও, মন্টিয়ল এবং আলবার্টাতেও নতুন করে এ মহামারির সংক্রমণ বৃদ্ধি পেয়েছে।

এ কারণে কর্তৃপক্ষ সবাইকে সামাজিক দূরত্ব বজায় রাখাসহ বিধিনিষেধ মেনে চলার জন্য আবারও গুরুত্বসহকারে পরামর্শ দিয়েছে।

অন্টারিও সরকার একটি স্টে-অ্যাট-হোম অর্ডার সক্রিয়ভাবে বিবেচনা করছে, তবে আদেশটি প্রদেশব্যাপী না অঞ্চলব্যাপী জারি করা হবে তা

এখনও স্পষ্ট নয়।

অন্টারিওতে গত পাঁচ দিনে প্রায় ১৫ হাজার নতুন কোভিড রোগী শনাক্ত হয়েছে এবং আইসিইউতেও নতুন রোগীদের চাপ বাড়ছে।

মঙ্গলবার অন্টারিও প্রদেশের প্রিমিয়ার ফোর্ড বলেন, আমরা খুব দ্রুত আরও বিধিনিষেধ আরোপ করতে যাচ্ছি। এর পর আমরা টরন্টোর তিনটি অঞ্চলের ব্যপারে সিদ্ধান্ত নেব।

অন্যদিকে কানাডায় ভ্যাকসিন সরবরাহ নিয়ে ফেডারেল সরকারের প্রতি আবারও ক্ষোভ প্রকাশ করেছেন অন্টারিওর প্রিমিয়ার ডগ ফোর্ড। গত সপ্তাহে ভ্যাকসিন সরবরাহে আবারও বিলম্ব হওয়ার খবর শোনার পর তিনি একে তামাশা বলে মন্তব্য করেন। সরবরাহ বিলম্বের বিষয়টি ফেডারেল এমপিদের জানাতে নাগরিকদের প্রতি আহ্বান জানান ডগ ফোর্ড।

উল্লেখ্য, গত বছর কানাডায় সর্বপ্রথম করোনাভাইরাস শনাক্ত হয় ব্রিটিশ কলম্বিয়াতে। সর্বশেষ তথ্য অনুযায়ী, কানাডায় করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা ১০ লাখ ২০ হাজার ৮৯৩ জন, মৃত্যুবরণ করেছেন ২৩ হাজার ১৪১ জন এবং সুস্থ হয়েছেন ৯ লাখ ৩৭ হাজার ৪৫৬ জন।

ব্রাজিলে একদিনে করোনায় রেকর্ড ৪২১১ জনের মৃত্যু

ব্রাজিলে প্রথমবারের মতো ২৪ ঘণ্টায় রেকর্ড চার হাজার ২১১ জনের মৃত্যু হয়েছে। একই সঙ্গে এ সময় করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৮২ হাজার ৮৬৯ জন।

দেশটিতে এ প্রাণঘাতী ভাইরাসটির সংক্রমণের হার বাড়ছে খুবই দ্রুত। হাসপাতালগুলোতে এখন রোগীর ঠাঁই নেই। খবর বিবিসি ও রয়টার্সের।

কয়েকটি শহরে চিকিৎসার জন্য অপেক্ষায় থেকে রোগী মারা যাচ্ছেন এবং অনেক জায়গায় স্বাস্থ্যব্যবস্থা ভেঙে পড়েছে।

ইতোমধ্যে লাতিন আমেরিকার দেশটিতে তিন লাখ ৩৭ হাজারের বেশি মানুষ মারা গেছেন। পরিসংখ্যানে যুক্তরাষ্ট্রের পরেই তাদের অবস্থান।

কিন্তু ব্রাজিলের প্রেসিডেন্ট জাইর বলসোনারো ক্রমাগতই লকডাউনের বিরোধিতা করে যাচ্ছেন। তার যুক্তি— অর্থনৈতিকভাবে দেশ আক্রান্ত হলে এর প্রভাব ভাইরাসের চেয়ে বেশি খারাপ হবে। এমনকি স্থানীয় কিছু কর্তৃপক্ষের জারি করা নিষেধাজ্ঞা তুলে দেওয়ার চেষ্টা করছেন তিনি।

মঙ্গলবার বাসভবনের বাইরে সমর্থকদের উদ্দেশে বক্তৃতাকালে বলসোনারো কোয়ারেন্টিনের সমালোচনা করেন। তার মতে, নিভৃতবাসের সঙ্গে স্থুলতা ও বিষণ্নতার সংযোগ আছে, যা বেকারত্বের দিকে নিয়ে যায়।

তবে সর্বশেষ ২৪ ঘণ্টায় চার হাজার ২১১ জনের মৃত্যু নিয়ে কোনো মন্তব্য করেননি বলসোনারো।

ব্রাজিলের এক কোটি ৩১ লাখের বেশি মানুষের দেহে করোনাভাইরাস শনাক্ত হয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, শুধু মার্চেই ৬৬ হাজার ৫৭০ জন মানুষ মারা গেছেন, যা আগের মাসিক রেকর্ডের চেয়ে দ্বিগুণের বেশি।

এদিকে দেশটিতে করোনাভাইরাসের ৯২টি ধরন চিহ্নিত হয়েছে। এর মধ্যে রয়েছে পি.ওয়ান বা ব্রাজিল ভ্যারিয়্যান্ট, যা মূল স্ট্রেইনের চেয়ে আরও বেশি সংক্রামক।

দিনে ৪-৫ হাজার রোগী বাড়লে সামাল দেওয়া সম্ভব না: স্বাস্থ্যমন্ত্রী

দেশের ইতিহাসে গত ২৪ ঘণ্টায় সর্বোচ্চ মৃত্যু ৬৬ জন ও সর্বোচ্চ শনাক্ত ৭ হাজার ২১৩ জন।বিষয়টি নিয়ে উদ্বেগ ও শংকা প্রকাশ করেছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেছেন, প্রতিদিন যদি ৪-৫ হাজার রোগী বাড়ে তাহলে সারা শহরকে হাসপাতাল বানালেও সামাল দেওয়া

সম্ভব না।

মন্ত্রী বলেন, করোনার দ্বিতীয় ঢেউ প্রতিরোধে ঢাকার সব হাসপাতালে শয্যা বাড়ানোর ব্যবস্থা করছি। আড়াই হাজার শয্যাকে পাঁচ হাজার করা হয়েছে, এরচেয়ে বেশি বাড়ানো সম্ভব না।জনগণ সতর্ক না হলে মনে রাখতে হবে, পাঁচ হাজার শয্যার পর হাসপাতালগুলোতে এক ইঞ্চি জায়গা নেই আর শয্যা স্থাপনের।

মঙ্গলবার বিকাল ৪টায় মহাখালীতে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মার্কেটে নির্মিত কোভিড ডেডিকেটেড হাসপাতাল পরিদর্শনে গিয়ে তিনি এসব কথা বলেন।

করোনার টিকা নিয়েও দেশে অনেকে আক্রান্ত হওয়ার বিষয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার টিকা দুই ডোজের। প্রথম ডোজ নিলেই অ্যান্টিবডি হয় না। টিকা নিয়ে যারাই আক্রান্ত হচ্ছেন, তাদের বেপরোয়া চলাচলই দায়ী।

তিনি বলেন, দেশের জনগণের জন্যই লকডাউন। আমি আশা করি, জনগণ নিষেধাজ্ঞা মেনে চলবেন। প্রশাসন ব্যবস্থা নিচ্ছে, জনগণ সচেতন হচ্ছে।

শপিংমল খোলার দাবিতে রাজধানীতে ব্যবসায়ীদের মানববন্ধন

লকডাউন তুলে নিয়ে শপিংমল খুলে দেওয়ার দাবিতে রাজধানীতে মানববন্ধন করেছেন দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ শপিংমল যমুনা ফিউচার পার্কের ব্যবসায়ীরা।

বুধবার বেলা সাড়ে ১১টার দিকে শপিংমলের সামনে প্রগতি সরণিতে এ মানববন্ধন হয়।

মানববন্ধনে ব্যবসায়ীরা অবিলম্বে শপিংমল খুলে দেওয়ার দাবি জানান।

তারা বলেন, সবকিছু খোলা থাকলে শপিংমল কেন বন্ধ রাখা হবে। গতবার লকডাউনে ব্যবসায়ীদের অনেক ক্ষতি হয়েছে। এবারও লকডাউন চললে ক্ষতি পুষিয়ে নেওয়া সম্ভব হবে না।

দ্রুত শপিংমল খুলে দেওয়ার জন্য যমুনা ফিউচার পার্ক কর্তৃপক্ষ ও প্রশাসনের প্রতি আহ্বান জানান ব্যবসায়ীরা ।

করোনাভাইরাসের সংক্রমণ বাড়ায় সরকার সারা দেশে এক সপ্তাহের কঠোর বিধিনিষেধ জারি করে গত ৪ এপ্রিল। এরপর থেকে দোকানপাট খুলে দেওয়ার দাবিতে রাজধানী ঢাকাসহ সারা দেশে বিক্ষোভ করছেন ব্যবসায়ীরা।

গতকাল মঙ্গলবারও রাজধানীর চাঁদনীচক শপিং কমপ্লেক্সের সামনে বিক্ষোভ করেন ব্যবসায়ী ও দোকানমালিকরা।

ব্যবসায়ীরা জানিয়েছেন, করোনায় প্রথম ধাপের ‘লকডাউনে’ অর্থনৈতিকভাবে মার্কেট ও শপিংমলের ব্যবসায়ীদের মেরুদণ্ড ভেঙে পড়েছে। তখন ক্ষতি হয়েছে প্রতিদিন প্রায় ১ হাজার ৭৪ কোটি টাকা।

এ অবস্থায় করোনার দ্বিতীয় ঢেউয়ে দেশের সবকিছু খোলা থাকলেও মার্কেট ও শপিংমল কেন বন্ধ রাখা হয়েছে-এমন প্রশ্ন ব্যবসায়ী নেতাদের।

দুই ঈদ ও বৈশাখকে সামনে রেখে ব্যবসা বন্ধ থাকায় পথে বসার উপক্রম লাখ লাখ ব্যবসায়ী ও তাদের কর্মচারীদের।

সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত দোকানপাট খোলা রাখার অনুমতি চেয়ে ব্যবসায়ী সমিতির পক্ষ থেকে রোববার জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেওয়া হয়েছে।

কোটচাঁদপুরে সরকারি নির্দেশনা

মানতে কঠোর অবস্থানে প্রশাসন, লকডাউনে অনিহা সাধারণ ব্যবসায়ীদের

ঝিনাইদহের কোটচাঁদপুরে করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণে সরকারি নির্দেশনায় লকডাউন ও স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে কঠোর অবস্থানে উপজেলা প্রশাসন।
সরকারি নির্দেশনা অনুযায়ী লকডাউন নিশ্চিত ও স্বাস্থ্যবিধি মানতে সামাজিক সচেতনতার পাশাপাশি আদেশ অমান্য করায় অনেককে করা হচ্ছে জরিমানা।

লকডাউনের দ্বিতীয় দিন মঙ্গলবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন সরকারি নির্দেশনা (লকডাউন) বাস্তবায়নে উপজেলার সাফদারপুর বাজারে অভিযান পরিচালনা করেন।

এসময় তিনি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে সামাজিক সচেতনতা বৃদ্ধির পাশাপাশি নির্দেশ অমান্য করায় এক কাপড় ব্যবসায়ীকে ১ হাজার টাকা জরিমানা আদায় করেন। এরপরও লকডাউনে অনিহা প্রকাশ করছেন সাধারণ ব্যবসায়ীরা।

নির্বাহী অফিসার জানান, কোভিড-১৯ করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণে সরকারি নির্দেশনা বাস্তবায়নে উপজেলা প্রশাসন ও স্থানীয় থানা পুলিশ কাজ করছে। মহামারি করোনা সংক্রমণ রোধে সরকারি নির্দেশনা পালনের পাশাপাশি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানান।

সেই সাথে জন-সাধারণের লকডাউন মেনে বিনা প্রয়োজনে বাড়ি থেকে বের না হওয়ার জন্য নির্দেশ প্রদান করেন। ভবিষ্যতে এ ধরনের অভিযান অব্যহত থাকবে বলে জানান নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন।

অভিযানে উপস্থিত ছিলেন, সাফদারপুর পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই অজিয়ার রহমান, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন সহ পুলিশ ও আনসার সদস্য।
এদিকে প্রশাসনের কড়া নজরদারি থাকলেও লকডাউনের আওতার মধ্যে থাকা

অনেক ব্যবসায়ী ব্যবসা প্রতিষ্ঠান খুলে বসছেন।

ঝিনাইদহে বাড়ছে করোনা আক্রান্তের হার, লকডাউন মান্তে নারাজ ব্যবসায়িরা

ঝিনাইদহে দ্রুত গতিতে বাড়ছে করোনা আক্রান্তের হার কিন্তু ব্যবসায়ীরাসহ, সাধারণ মানুষ লক ডাউন মানতে অনিহা প্রকাশ করছে।

৬ তারিখ মঙ্গলবার ঝিনাইদহ ও কুষ্টিয়া ল্যাব থেকে নতুন ৫২টি নমুনার ফলাফল এসেছে যার মধ্যে ২৩জন আক্রান্ত বলে জানা জানা গেছে। ঝিনাইদহে এ পর্যন্ত মোট ১১১০০নমুনা পরীক্ষা করে আক্রান্তে সংখ্যা ২৫০৫জন। বেশ কিছু দিন নমুনা পরীক্ষা এবং আক্রান্ত দ্ইু’ই কম ছিল কিন্তু গত ৪/৫ দিন এর সংখ্যা বেড়ে কয়েকগুণ হয়েছে।

ঝিনাইদহ সিভিল সার্জন অফিসের তথ্যমতে উপজেলা ভিত্তিক আক্রান্তের সংখ্যা সদরে নতুন ১৩ জনসহ মোট ১৩১৯ জন, কালীগঞ্জে নতুন ১ জনসহ ৫০০ জন, শৈলকূপায় নতুন ৩ জন সহ ২৯৩জন, কোটচাদপুরে নতুন ১ জনসহ ১৫০ জন, হরিনাকুণ্ডতে নতুন ৫ জনসহ ১৩৬জন এবং মহেশপুরে মোট ১০৭ জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মোট মৃত্যু বরণ করেছে ৪১ জন, এর মধ্যে সদরে- ২৭, কালীগঞ্জে- ৬, শৈলকূপায়- ৫, কোটচাঁদপুরে- ২ এবং হরিনাকুণ্ডে- ১ জন।

ঝিনাইদহে লকডাউন কার্যকর ভাবে পালন করতে মাঠে প্রশাসন, পুলিশ, বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের নেতাকর্মী ও সাংবাদিকরা কাজ করে যাচ্ছে। কিন্তু ঝিনাইদহের ব্যবসায়ীরা সারাদেশের ন্যায় লকডাউন বিরোধী অবরোধ, মানববন্ধন না করলেও সরকারের এই লকডাউন সিদ্ধান্তের প্রতি অনিহা প্রকাশ করছেন। তবে ঝিনাইদহের শৈলকুপায় ব্যবসায়ীদের লকডাউন বিরোধ মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচী পালিত হয়েছে।

শহরের বাইরের হাট বাজার গুলোতে লকডাউন এবং স্বাস্থ্যবিধি

সামান্যও মানা হচ্ছেনা। কাঁচা বাজার ও গরু ছাগলের হাটে মাস্ক না পরা লোকের সংখ্যায় বেশী, সেখানে কোন প্রশাসনের তদারকি নেই এমনকি হাট মালিকদের পক্ষ থেকেও স্বাস্থ্য বিধি মানার ব্যাপারে কোন মাইকিং করা হচ্ছে না। মঙ্গলবার উপজেলার বৈডাঙ্গা পশু হাটে গিয়ে এমনই দৃশ্য চোখে পড়ে।

এ বিষয়ে পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে লকডাউন কার্যকর করতে আমরা যথাযথ কাজ করে যাচ্ছি। প্রয়োজনে আমরা আরও কঠোর হবো।